বরিশাল বোর্ড ২০১৫

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

প্রশ্ন-১ ▶ জনাব সুমনা আফরোজ একজন কম্পিউটার গ্রাফিক্স ডিজাইনার যিনি ২০১৪ সালের জানুয়ারি ১ তারিখে "সুমনা গ্রাফিক্স এন্টারপ্রাইজ" নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠান শুরু করেন। ৩০ জুন, ২০১৪ তারিখের রেওয়ামিল নিম্নরূপ:

ক্রমিক নং	হিসাবের নাম	খ.পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	নগদ তহবিল		১১,৫০০	
২.	ব্যাংক জমা		৪৪,০০০	
৩.	প্রাপ্য হিসাব		৭০,০০০	
৪.	১০% প্রদেয় নোট			২০,০০০
৫.	অফিস সরঞ্জাম		৫২,৫০০	
৬.	পুঞ্জিভূত অবচয় - অফিস সরঞ্জাম			১৫,০০০
৭.	মূলধন			১,১৬,৭০০

ক্রমিক নং	হিসাবের নাম	খ.পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
৮.	উত্তোলন		২,০০০	
৯.	অগ্রিম বিমা		৩৬,০০০	
১০.	গ্রাফিক্স আয়			৫২,০০০
১১.	সেবা আয়			৮,০০০
১২.	বেতন খরচ (১০ মাস)		১০,০০০	
১৩.	সাপ্লাইজ খরচ		৫,৭০০	
১৪.	আয়কর		৫,০০০	
১৫.	প্রদেয় হিসাব			৪০,০০০
১৬.	বিজ্ঞাপন খরচ		১৫,০০০	
			২,৫১,৭০০	২,৫১,৭০০

সমন্বয়সমূহ :

১. অফিস সরঞ্জামের আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২,৫০০ টাকা। প্রতিষ্ঠান সরল রৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে।
২. বিমা খরচ মাসিক ৩,০০০ টাকা যা মার্চ ১ তারিখে প্রদান করা হয়।
৩. ৩০ জুন তারিখে সাপ্লাইজ হাতে আছে ২,৫০০ টাকা।
৪. ক্লায়েন্ট এর নিকট হতে প্রাপ্ত ৫,০০০ টাকার চেক প্রত্যাখ্যান হয়।

ক. ২০১৪ সালের ৩০ জুন তারিখে অফিস সরঞ্জামের অবচয় নির্ণয় করো। ২
খ. সুমনা গ্রাফিক্স এন্টারপ্রাইজ এর ২০১৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত অর্ধ বছরের এক-ধাপ আয় বিবরণী তৈরি করো। ৪
গ. সুমনা গ্রাফিক্স এন্টারপ্রাইজের ২০১৪ সালের ৩০ জুন তারিখে শ্রেণিবিন্যাসকৃত উদ্বৃত্তপত্র তৈরি করো। ৪

প্রশ্ন-২ ▶ ২০১৪ সালের ৩০ জুন তারিখে প্রস্তুতকৃত মেসার্স সুবর্ণা ট্রেডার্স এর রেওয়ামিল নিচে দেয়া হলো :

মেসার্স সুবর্ণা ট্রেডার্স
রেওয়ামিল
৩০ জুন, ২০১৪

ক্রমিক নং	হিসাবের নাম	খ.পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	হাতে নগদ		৫০,০০০	
২.	ব্যাংক জমা		১,৫০,০০০	
৩.	মজুদ পণ্য (১-৭-২০১৩)		৩০,০০০	
৪.	যন্ত্রপাতি		৩,০০,০০০	
৫.	পুঞ্জিভূত অবচয় – যন্ত্রপাতি			৫৮,০০০
৬.	১৫% বিনিয়োগ (১-১০-২০১০)		১,০০,০০০	
৭.	১৬% বন্ধকী ঋণ (১-১-২০১৪)			২,০০,০০০
৮.	পাওনাদার			৫০,০০০
৯.	মূলধন			২,৫০,০০০
১০.	উত্তোলন		২০,০০০	
১১.	ক্রয় ও বিক্রয়		৪,৫০,০০০	৬,৮১,০০০
১২.	বেতন		২০,০০০	
১৩.	দেনাদার		৯০,০০০	
১৪.	বিনিয়োগের সুদ			৭,৫০০
১৫.	ঋণের সুদ		৮,০০০	
১৬.	মনিহারি		১২,০০০	
১৭.	বিজ্ঞাপন খরচ		২০,০০০	
১৮.	অনাদায়ী পাওনা সঞ্চিতি			৩,৫০০
			১২,৫০,০০০	১২,৫০,০০০

সমন্বয়সমূহ :

১. সমাপনী মজুদপণ্য মূল্যায়ন করা হয়েছে ৪২,০০০ টাকা কিন্তু এর মধ্যে ২,০০০ টাকার অব্যবহৃত মনিহারি দ্রব্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।
২. প্রচারের উদ্দেশ্যে খরিদ্দারের মাঝে বিনামূল্যে পণ্য বিতরণ ৪,০০০ টাকা। মোট বিজ্ঞাপন খরচকে চারটি আর্থিক বছরের মধ্যে অবলোপন করতে হবে।
৩. খরিদ্দার থেকে প্রাপ্ত ৫,০০০ টাকার একটি চেক ব্যাংকে জমা দেয়া হল কিন্তু দেউলিয়াজনিত কারণে চেকখানি প্রত্যাখ্যাত হওয়ায় এর ৫০% আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধর।
৪. যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।

ক. বিনিয়োগের অনাদায়ী সুদ এবং বন্ধকী ঋণের প্রদেয় সুদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ২০১৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের বহুধাপ বিশিষ্ট আয় বিবরণী তৈরি করো। ৪
গ. ২০১৪ সালের ৩০ জুন তারিখে চলতি সম্পত্তি ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

খ বিভাগ

প্রশ্ন-৩ ▶ মেসার্স সালসাবিল ট্রেডার্সের ৩১ জানুয়ারি, ২০১৪ সালের হিসাব উদ্বৃত্তগুলো নিম্নরূপ :
নগদ ৮০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৩০,০০০ টাকা, ভূমি ও দালান-কোঠা ২,৫০,০০০ টাকা, দেনাদার ৪০,০০০ টাকা ও পাওনাদার ৪৫,০০০ টাকা। ফেব্রুয়ারি মাসে তার ব্যবসায়ে সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০১৪ইং

ফেব্রুয়ারি	৫	১০% প্রদেয় নোটে স্বীকৃতিদানের মাধ্যমে ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।
"	৮	নগদ ৩০,০০০ টাকা ও ধারে ৯০,০০০ টাকার পণ্য ক্রয়।
"	১০	তিন মাসের শোরুম ভাড়া অগ্রিম প্রদান ১৫,০০০ টাকা।
"	১২	ইনস্যুরেন্স প্রিমিয়াম পরিশোধ ১,২০০ টাকা।
"	১৬	৩% কারবারি বাট্টায় পণ্য বিক্রয় ১,২০,০০০ টাকা (নগদে ৬০%, ধারে ৪০%)।
"	১৮	মালিক কর্তৃক নগদ উত্তোলন ৩০,০০০ টাকা।
"	২৫	একজন দেনাদারের নিকট থেকে ৩০,০০০ টাকা পাওয়া গেল।
"	২৮	অগ্রিম প্রদত্ত ভাড়ার ১ মাস অতিক্রান্ত হয়েছে।

ক. মেসার্স সালসাবিল ট্রেডার্সের প্রারম্ভিক জাবেদা দাখিলা দেখাও। ২
খ. হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব টেবিলের মাধ্যমে উপস্থাপন করো। ৪
গ. ২০১৪ সালের ২৮ ফেব্রুয়ারি সমাপ্ত মাসের জন্য আয় বিবরণী তৈরি করো। ৪

প্রশ্ন-৪ ▶ ২০১৪ সালের এপ্রিল মাসে মেসার্স সোনালী এন্টারপ্রাইজের ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

এপ্রিল	১	মালিক ৫০,০০০ টাকা ব্যবসায়ে অতিরিক্ত বিনিয়োগ করেন।
"	৫	নগদে পণ্য ক্রয় ১০,০০০ টাকা।
"	৬	নগদ বিক্রয় ২০,০০০ টাকা।
"	১২	বিজ্ঞাপন খরচ প্রদান ৫,০০০ টাকা।
"	১৬	সিমলার নিকট পাওনা ১৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৪,৭৫০ টাকা নগদে পাওয়া গেল।
"	১৮	ইমনের নিকট দেনা ১২,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১২,৪০০ টাকা নগদে প্রদত্ত হলো।
"	২২	আশরাফের নিকট হতে অফিস সরঞ্জামাদি ক্রয় ৪০,০০০ টাকা (৫০% নগদে ও ৫০% ধারে)।
"	২৬	শিহাবের নিকট ধারে বিক্রয়বাবদ প্রাপ্য ২০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৯,৫৫০ টাকা পাওয়া গেল।
"	২৮	সুদ পাওয়া গেল ৩,০০০ টাকা।
"	৩০	সাদমানের নিকট দেনা ১৭,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তি সাপেক্ষে ১৭,২৫০ টাকা প্রদত্ত হল।

ক. নগদ প্রাপ্তি ও প্রদান জাবেদায় লিপিবদ্ধ হবে না, এমন লেনদেনের সাধারণ জাবেদা দেখাও। ২
খ. উপরোক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪
গ. উপরোক্ত লেনদেনগুলো দ্বারা একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪

প্রশ্ন-৫ ▶ জনাব সাদমান নুহিন এর ৩০ জুন, ২০১৪ তারিখে ব্যাংক বিবরণীতে ব্যাংক জমা ১৯,৯০০ টাকা কিন্তু হিসাব বইতে ব্যাংক জমা ২৩,১৯৯ টাকা দেখা যায়। তথ্য পর্যালোচনায় দেখা যায় :

১. ৩০ জুন তারিখে ব্যাংকে জমাকৃত চেক ৪,৪০০ টাকা কিন্তু যা ব্যাংক কর্তৃক ১ জুলাই তারিখে আদায় হয়।
২. ২৮ জুন তারিখে ৪,০০০ টাকা, ১,৪০০ টাকা এবং ২,৫০০ টাকার ইস্যুকৃত তিনটি চেক এখনও ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়নি।
৩. সাদমান নুহিন কর্তৃক ইস্যুকৃত ১,২২৬ টাকার ৪০২নং চেকটি নগদান বইতে ১,২৬২ টাকা লেখা হয়েছে।
৪. রায়হান থেকে প্রাপ্ত ২,৮২০ টাকার একটি চেক প্রত্যাখ্যান হয়ে ফেরত এসেছে।
৫. ব্যাংক চার্জ ৫০ টাকা।

৬. প্রাপ্য নোট ১,০০০ টাকা ও সুদ ৫০ টাকা ব্যাংক কর্তৃক আদায় হয় এবং ব্যাংক আদায় খরচ বাবদ ১৫ টাকা কর্তন করে।

৭. আদনান নুহিন কর্তৃক ইস্যুকৃত ৫,০০০ টাকার চেক ব্যাংক ভুলে সাদমান নুহিনের হিসাব লিপিবদ্ধ করেছে।

ক. ব্যাংক কর্তৃক ডেবিটকৃত অর্থের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উভয় জের সংশোধন পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করো। ৪

গ. জনাব সাদমান নুহিনের হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দেখাও। ৪

প্রশ্ন-৬ ▶ মেসার্স রাফি ব্রাদার্স-এর রেওয়ামিল নিম্নে প্রদত্ত হল :

মেসার্স রাফি ব্রাদার্স
রেওয়ামিল (আংশিক)
৩১শে ডিসেম্বর, ২০১৪

হিসাবের নাম	খ.পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
বিবিধ দেনাদার		৯৪,০০০	
অনাদায়ী পাওনা		৪,৫০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি			৪,৭৫০

বিবিধ দেনাদারের ৪,০০০ টাকা অনাদায়ী পাওনা হিসাবে হিসাবভুক্ত করতে হবে। অবশিষ্ট দেনাদারের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি সৃষ্টি করতে হবে।

ক. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে অনাদায়ী পাওনা সঞ্চিতির উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ২

খ. অনাদায়ী পাওনা এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি সংক্রান্ত জাবেদা দাখিলা দাও। ৪

গ. অনাদায়ী পাওনা হিসাব এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত করো। ৪

প্রশ্ন-৭ ▶ বর্ণালী ট্রেডার্স এর ৩১ ডিসেম্বর ২০১৪ সালের প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

বর্ণালী ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৪

ক্রমিক নং	হিসাবের নাম	খ.পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	হাতে নগদ		৫০,০০০	
২.	প্রাপ্য হিসাব		৬০,০০০	
৩.	প্রদেয় হিসাব			৪৫,০০০
৪.	অফিস সরঞ্জাম		৯০,০০০	
৫.	পুঞ্জিভূত অবচয়- অফিস সরঞ্জাম			১৮,০০০
৬.	প্রারম্ভিক মজুদ পণ্য		৯০,০০০	
৭.	অগ্রিম বিমা		৪,৮০০	
৮.	মূলধন			১,৮০,৮০০
৯.	উত্তোলন		২০,০০০	
১০.	ক্রয়		১,৩০,০০০	
১১.	বিক্রয়			২,৫০,০০০
১২.	সাপ্লাইজ		৪,০০০	
১৩.	বেতন ও ভাতাদি		৪২,০০০	
১৪.	বিক্রয় বাট্টা		৭,০০০	
১৫.	ক্রয় বাট্টা			৪,০০০
			৪,৯৭,৮০০	৪,৯৭,৮০০

সমন্বয়সমূহ :

১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৫০,০০০ টাকা (বাজার মূল্য ৪৫,০০০ টাকা)।

২. বিমা পলিসি ৪ বছরের জন্য করা হয়েছে।

৩. প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি সংরক্ষণ করো।

৪. অফিস সরঞ্জামের ক্রয় মূল্যের ওপর ১০% অবচয় নির্ণয় করো।

ক. ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে ২নং ও ৪নং সমন্বয় দফার জাবেদা দেখাও। ২

খ. ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে সমাপ্ত বছরের ১০ ঘরবিশিষ্ট একটি কার্যপত্র তৈরি করো। ৪

গ. ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে সমাপনী জাবেদা দাখিলা দেখাও। ৪

প্রশ্ন-৮ ▶ ২০১০ সালের জানুয়ারি মাসের ১ তারিখে জামান ব্রাদার্স ১০,৫০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির বহন খরচ ৩৫,০০০ টাকা এবং সংস্থাপন খরচ ১৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক জীবনকাল ৫ বছর এবং এর ভগ্নাবশেষ মূল্য ৩০,০০০ টাকা।

ক. মেশিনটির সরল রৈখিক পদ্ধতিতে অবচয় ধার্যের হার নির্ণয় করো। ২

খ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে পাঁচ বছরের যন্ত্রপাতি হিসাব প্রস্তুত করো। ৪

গ. ক্রয় মূল্যের ভিত্তিতে পাঁচ বছরের পুঞ্জিভূত অবচয় (যন্ত্রপাতি) হিসাব প্রস্তুত করো। ৪

প্রশ্ন-৯ ▶ মি. বিপুল একজন ক্ষুদ্র ব্যবসায়ী। ১ জুলাই ২০১২ সালের তার কারবারের অবস্থা নিম্নরূপ ছিল :

দায়সমূহ	টাকা	সম্পদসমূহ	টাকা
বিবিধ পাওনাদার	১৬,০০০	নগদ তহবিল	৮,২০০
৬% ঋণ	১৫,০০০	ব্যাংক জমা	১০,০০০
মূলধন	৬১,৭০০	প্রাপ্য বিল	৫,০০০
		মজুদ পণ্য	১২,০০০
		আসবাবপত্র	৩০,০০০
		বিবিধ দেনাদার	২৭,৫০০
	৯২,৭০০		৯২,৭০০

মি. বিপুল সম্পূর্ণ দুতরফা দাখিলা পদ্ধতি অনুসারে হিসাব সংরক্ষণ করেন না। ৩১শে ডিসেম্বর ২০১২ সালে তার কারবারের অবস্থা পরিবর্তিত হয়ে নিম্নরূপ হয় : ৩১শে ডিসেম্বর, ২০১২ সালে ৫,০০০ টাকার ঋণ পরিশোধ করেছে। পাওনাদার ২,০০০ টাকা বেড়েছে, দেনাদার ৪০,০০০ টাকায় উপনীত হয়েছে, ব্যাংক জমা ২২,০০০ টাকায় উপনীত হয়েছে, সমাপনী মজুদ পণ্য ১৫,০০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি :

১. আসবাবপত্রের মধ্যে ৫,০০০ টাকার একটি চেয়ার ছিল যা সম্পূর্ণ ব্যবহারের অযোগ্য এবং তা ২,০০০ টাকায় বিক্রয় করা হয়েছে।

২. বিবিধ দেনাদারের ১,০০০ টাকা আদায় হবে না। অবশিষ্ট দেনাদারের ৫% কুঋণ সঞ্চিতি হিসাবে অবলোপন করতে হবে।

৩. ঋণের সুদ বকেয়া আছে।

৪. তিনি ব্যক্তিগত প্রয়োজনে কারবার হতে ৩,০০০ টাকা নগদ নিয়েছেন যা এখনো হিসাবভুক্ত হয়নি।

৫. আসবাবপত্রের ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে।

ক. জনাব বিপুলের অসমন্বিত সমাপনী মূলধন নির্ণয় করো। ২

খ. ৩১ ডিসেম্বর, ২০১২ তারিখে সমাপ্ত অর্ধ বছরের লাভ-লোকসান বিবরণী প্রস্তুত করো। ৪

গ. একই তারিখে বিষয় বিবরণী প্রস্তুত করো। ৪

উত্তরমালা

১. **উত্তর :** ক. অফিস সরঞ্জামের অবচয় ৫,০০০ টাকা। খ. নিট আয় ১৭,৮০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,৮৮,৫০০ টাকা।

২. **উত্তর :** ক. বিনিয়োগের অনাদায়ী সুদ ৭,৫০০ টাকা এবং বন্ধকী ঋণের প্রদেয় সুদ ৮,০০০ টাকা। খ. নিট লাভ ১,৭৪,৫০০ টাকা। গ. চলতি সম্পদ ৩,৩২,৫০০ টাকা; চলতি দায় ৫৮,০০০ টাকা।

৩. **উত্তর :** ক. জাবেদার যোগফল ৪,০০,০০০ টাকা। খ. হিসাব সমীকরণের যোগফল ৫,০০,২০০ টাকা। গ. নিট ক্ষতি ১০,১২৯ টাকা।

৪. **উত্তর :** ক. জাবেদার যোগফল ২০,০০০ টাকা। খ. নগদ প্রাপ্তি জাবেদার যোগফল ১,০৮,০০০ টাকা। গ. নগদ প্রদান জাবেদার যোগফল ৬৫,০০০ টাকা।

৫. **উত্তর :** ক. ৬,২৯১ টাকা। খ. সংশোধিত ব্যাংক জমার উদ্বৃত্ত ২১,৪০০ টাকা। গ. জাবেদার যোগফল ৩,৯৭১ টাকা।

৬. **উত্তর :** ক. অনাদায়ী পাওনা সঞ্চিতি ৪,৫০০ টাকা। খ. জাবেদার যোগফল ২৪,০০০ টাকা।

৭. **উত্তর :** ক. জাবেদার যোগফল ১০,২০০ টাকা। খ. নিট লাভ ১৬,৮০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,৭২,৬০০ টাকা। গ. জাবেদার যোগফল ৫,০৬,০০০ টাকা।

৮. **উত্তর :** ক. অবচয়ের হার ২০%।

৯. **উত্তর :** ক. সমাপনী মূলধন ৭৪,০০০ টাকা। খ. নিট লাভ ১০,৬৫০ টাকা। গ. বৈষয়িক বিবরণীর যোগফল ৯৭,০০০ টাকা।

বরিশাল বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট   পূর্ণমান — ৪০   বিষয় কোড : ২ ৫ ৩

১. মালিকানা স্বত্ব কি?
ক) ব্যবসায়ের নগদ অর্থ
খ) ব্যবসায়ের দায়সমূহ
গ) মোট সম্পত্তির উপর মালিকের দাবি
ঘ) মোট দায়ের উপর মালিকের দাবি

২. কোনটির বৃদ্ধিতে ব্যবসায়ের মূলধন বাড়বে?
ক) ব্যয়   খ) উত্তোলন
গ) আয়   ঘ) মূলধনের সুদ

৩. কোনটি নামিক হিসাব?
ক) বকেয়া বেতন   খ) অগ্রিম ভাড়া
গ) প্রত্যক্ষ মজুরী   ঘ) অনাদায়ী উপভাড়া

৪. অবচয় কোনটি হ্রাস করে?
ক) দায়   খ) নগদ
গ) ব্যাংকে জমা   ঘ) মূলধন

৫. অদৃশ্যমান লেনদেন হ'লো—
i. অফিস সরঞ্জাম ক্রয় ৬,৮০০ টাকা
ii. ইজারা সম্পত্তির অবলোপন ১০,০০০ টাকা
iii. সুনাম বৃদ্ধি পেল ৫,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

৬. ডেবিট দ্বারা কোনটি প্রকাশ পায়?
ক) সম্পদ ও দায় উভয় বৃদ্ধি পায়
খ) সম্পদ ও দায় উভয় হ্রাস পায়
গ) সম্পদ হ্রাস ও দায় বৃদ্ধি পায়
ঘ) সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস পায়

৭. জাবেদার অপরিহার্য বিষয় কী?
ক) ব্যাখ্যা   খ) শিরোনাম
গ) সমষ্টি নির্ণয়   ঘ) ক্রমিক নং

৮. ডেবিট নোট কে তৈরি করে?
ক) ক্রেতা   খ) বিক্রেতা
গ) সরবরাহকারী   ঘ) উৎপাদক

৯. প্রাপ্য কমিশন-এর জাবেদা কোনটি?
ক) প্রাপ্য কমিশন হিসাব ডেবিট, কমিশন হিসাব ক্রেডিট
খ) নগদান হিসাব ডেবিট, কমিশন হিসাব ক্রেডিট
গ) প্রাপ্য কমিশন হিসাব ডেবিট, পাওনাদার হিসাব ক্রেডিট
ঘ) কমিশন হিসাব ডেবিট, প্রাপ্য কমিশন হিসাব ক্রেডিট

১০. কোন নীতি অনুযায়ী ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা হয়?
ক) রক্ষণশীল   খ) পূর্ণপ্রকাশ
গ) সামঞ্জস্যতা   ঘ) আয়-ব্যয়

১১. ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করেন?
ক) ব্যাংকার   খ) আমানতকারী
গ) কর কর্তৃপক্ষ   ঘ) হিসাব নিরীক্ষক

উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।
তৈরিকৃত রেওয়ামিলে ক্রয় ৫০,০০০ টাকা স্থলে ৪৫,০০০ টাকা টাকা এবং বিক্রয় ৩৫,০০০ টাকার স্থলে ৩০,০০০ টাকা লিপিবদ্ধ করায় ভুল থাকা সত্ত্বেও রেওয়ামিল মিলে গেল।

১২. রেওয়ামিল তৈরিতে কোন ধরনের ভুল হয়েছে?
ক) লিখার   খ) নীতিগত
গ) পরিপূরক   ঘ) বাদ পড়ার

১৩. রেওয়ামিলের যোগফল কত টাকা কম বা বেশি দেখানো হয়েছে?
ক) ৫,০০০ টাকা কম   খ) ৫,০০০ টাকা বেশি
গ) ১০,০০০ টাকা কম   ঘ) ১,০০০ টাকা বেশি

১৪. রেওয়ামিলে কোন হিসাবটি বহির্ভূত থাকে?
ক) প্রারম্ভিক ব্যাংক ব্যালেন্স
খ) সমাপনী ব্যাংক ব্যালেন্স
গ) প্রারম্ভিক মজুদ পণ্য   ঘ) প্রারম্ভিক মনিহারী

১৫. কোন নীতি অনুযায়ী অগ্রিম প্রদত্ত ব্যয়কে মোট ব্যয় থেকে বাদ দিতে হয়?
ক) ঐতিহাসিক মূল্য   খ) রাজস্ব স্বীকৃতি
গ) মিলকরণ   ঘ) পূর্ণপ্রকাশ

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।
কথা এন্ড কোং ৩১ শে ডিসেম্বর সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয় ৪৫,০০০ টাকা যার বাজারমূল্য ৫৫,০০০ টাকা।

১৬. বিক্রীত পণ্যের ব্যয়ে যাবে—
ক) ১,০০,০০০ টাকা   খ) ৫৫,০০০ টাকা
গ) ৪৫,০০০ টাকা   ঘ) ১০,০০০ টাকা

১৭. আর্থিক অবস্থার বিবরণীতে সমাপনী মজুদ পণ্যের মূল্য ৫৫,০০০ টাকা না দেখানো পক্ষে যুক্তি কী?
ক) আয় বেশি দেখানো
খ) সম্ভাব্য আয় দেখানো যাবে না
গ) মালিকানা স্বত্ব বেশি দেখানো
ঘ) আয় কম দেখানো যাবে না

১৮. প্রারম্ভিক মজুদ পণ্য + নিট ক্রয় + ক্রয় সংক্রান্ত খরচ – সমাপনী মজুদ পণ্য = ?
ক) বিক্রিত পণ্যের ব্যয়   খ) অবিক্রিত পণ্যের ব্যয়
গ) উৎপাদিত পণ্যের ব্যয়   ঘ) মোট ব্যয়

১৯. নিট মুনাফা একটি প্রতিষ্ঠানের কী নির্দেশ করে?
ক) অন্তঃপ্রবাহ   খ) বহিঃপ্রবাহ
গ) চলতি সম্পদ   ঘ) দীর্ঘমেয়াদি সম্পত্তি

২০. প্রাপ্য হিসাবের টাকা প্রাপ্ত হলে নিচের কোন পরিবর্তনটি হবে?
ক) সম্পদ বৃদ্ধি ও সম্পদ হ্রাস
খ) সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস
গ) সম্পদ বৃদ্ধি ও মূলধন বৃদ্ধি
ঘ) সম্পদ বৃদ্ধি ও নগদ অর্থ বৃদ্ধি

২১. দ্বৈতসত্তা বলতে কোনটিকে বোঝায়?
ক) জাবেদায় লিপিবদ্ধকরণ
খ) খতিয়ানে স্থানান্তরকরণ
গ) লেনদেনের দু'টি দিক লিপিবদ্ধকরণ
ঘ) প্রত্যেকটি লেনদেন জাবেদায় লিপিবদ্ধকরণ

২২. GAAP এর পূর্ণরূপ কোনটি?
ক) General Accepted Accounting principles
খ) Generally Accounting Accepted principles
গ) Generally Accepted Accounting principles
ঘ) Generally Accepted Accounting principal

২৩. কোন সম্পত্তির ক্ষেত্রে ক্রয়মূল্য নীতি প্রযোজ্য?
ক) চলতি সম্পত্তি   খ) বিনিয়োগ
গ) অস্পর্শনীয়   ঘ) স্থায়ী সম্পদ

২৪. একতরফা দাখিলা পদ্ধতি অনুসারে ব্যক্তিগত সম্পদ বিক্রি করে ব্যবসায়ে অর্থ সরবরাহ করলে নিট লাভের উপর কী প্রভাব পড়বে?
i. আয়কর কম দিতে হবে
ii. আয়কর বেশি দিতে হবে
iii. বৈষয়িক বিবৃতি পরিবর্তন হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) ii ও iii   গ) i ও iii   ঘ) i, ii ও iii

২৫. অগ্রিম প্রাপ্ত আয় কী?
ক) চলতি সম্পদ   খ) চলতি দায়
গ) দীর্ঘমেয়াদি দায়   ঘ) সম্ভাব্য দায়

২৬. একটি সম্পদের আয়ুষ্কাল ৮ বছর হলে, উক্ত সম্পদের সরলরৈখিক পদ্ধতিতে অবচয়ের হার কত হবে?
ক) ১০%   খ) ১২%
গ) ১২.৫%   ঘ) ১৬%

২৭. স্থির কিস্তি পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয়ের সূত্র কোনটি?
ক) $\frac{\text{বার্ষিক অবচয়}}{\text{সম্পত্তির মূল্য – ভগ্নাবশেষ মূল্য}} \times ১০০ \times ২$
খ) $\frac{\text{বার্ষিক অবচয়}}{\text{সম্পত্তির মূল্য – ভগ্নাবশেষ মূল্য}} \times ১০০$
গ) $\frac{\text{সম্পত্তির মূল্য}}{\text{আয়ুষ্কাল}} \times ১০০$
ঘ) $\frac{\text{সম্পত্তির মূল্য}}{\text{ভগ্নাবশেষ মূল্য – আয়ুষ্কাল}} \times ১০০ \times ২$

২৮. একতরফা দাখিলা পদ্ধতিতে আর্থিক অবস্থা জানার জন্য কোনটি তৈরি করা হয়?
ক) লাভ-লোকসান হিসাব   খ) লাভ-লোকসান বিবরণী
গ) উদ্বৃত্ত পত্র   ঘ) বৈষয়িক বিবৃতি

২৯. নিচের কোনটি দৃশ্যমান স্থায়ী সম্পত্তি?
ক) সুনাম   খ) দালানকোঠা
গ) গ্রন্থস্বত্ব   ঘ) প্যাটেন্ট

উদ্দীপকটি পড়ো এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও।
২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাব ছিল ৪,০০,০০০ টাকা। অলিখিত অনাদায়ী পাওনা ৪০,০০০ টাকা।

৩০. প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখা হলে, নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতি কত হবে?
ক) ১৮,০০০   খ) ৪০,০০০
গ) ৫৮,০০০   ঘ) ৬০,০০০

৩১. উদ্দীপকের আলোকে—
i. সম্পদ কমে ৯৮,০০০ টাকা
ii. নিট মুনাফা কমবে ৯৮,০০০ টাকা
iii. নিট মুনাফা বাড়বে ৯৮,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii
*সঠিক উত্তর: সম্পদ ও নিট মুনাফা কমবে ৪০,০০০ টাকা।

৩২. হিসাব-চক্রের কোন ধাপটি ঐচ্ছিক?
ক) কার্যপত্র   খ) জাবেদা
গ) খতিয়ান   ঘ) আর্থিক বিবরণী

৩৩. যন্ত্রপাতি ক্রয়কে ক্রয় হিসাবে হিসাবভুক্ত করলে এটি কী ধরনের ভুল?
ক) বাদ পড়ার   খ) লেখার
গ) পরিপূরণ   ঘ) নীতিগত

৩৪. নিচের কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে?
ক) প্রারম্ভিক নগদ ব্যালেন্স
খ) প্রারম্ভিক ব্যাংক ব্যালেন্স
গ) সমাপনী মজুদ পণ্য
ঘ) সমাপনী ব্যাংক জমাতিরিক্ত

৩৫. নগদান বই কাজ করে—
i. জাবেদার   ii. খতিয়ানের
iii. রেওয়ামিলের
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৩৬. ব্যবসায়ের জন্য কম্পিউটার ক্রয় করলে সমীকরণে যে প্রভাব পড়ে তার ফলে চলতি দায় পরিশোধে কি প্রভাব পড়বে?
ক) বাড়বে   খ) কমবে
গ) অপরিবর্তিত থাকবে   ঘ) থাকবে না

৩৭. ক্রয়কৃত পণ্য বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে বিতরণ করা হলে তার জন্য সমন্বয় জাবেদা হবে কোনটি?
ক) বিজ্ঞাপন হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
খ) ক্রয় হিসাব, ডেবিট, বিজ্ঞাপন হিসাব ক্রেডিট
গ) বিজ্ঞাপন হিসাব, ডেবিট, বিলম্বিত বিজ্ঞাপন হিসাব ক্রেডিট
ঘ) বিজ্ঞাপন হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট

৩৮. ব্যাংক কর্তৃক চেক প্রত্যাখ্যাত হলে নগদান হিসাবে লিপিবদ্ধ না করলে ব্যবসায়ের কী হবে?
ক) লাভ হবে   খ) ক্ষতি হবে
গ) আর্থিক অবস্থা বাড়বে   ঘ) আর্থিক অবস্থা কমবে
*সঠিক উত্তর: আর্থিক অবস্থা অপরিবর্তীত থাকবে।

৩৯. সমাপনী জাবেদার পর কোন হিসাবের জের শূন্য হবে?
ক) বকেয়া বেতন   খ) অগ্রিম ভাড়া
গ) বিমা প্রিমিয়াম   ঘ) পুঞ্জিভূত অবচয়

৪০. প্রাপ্য হিসাবের নতুন অনদায়ী পাওনা সঞ্চিতি আদৌ হিসাবে লিপিবদ্ধ না হলে —
i. নিট লাভ বাড়বে   ii. মালিকানা স্বত্ব বাড়বে
iii. চলতি সম্পদ বাড়বে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) ii ও iii   গ) i ও iii   ঘ) i, ii ও iii

১	গ	২	গ	৩	গ	৪	ঘ	৫	খ	৬	ঘ	৭	ঘ	৮	ক	৯	ক	১০	খ	১১	খ	১২	গ	১৩	ক	১৪	ক	১৫	গ	১৬	গ	১৭	ঘ	১৮	ক	১৯	ক	২০	ঘ
২১	গ	২২	গ	২৩	ঘ	২৪	গ	২৫	খ	২৬	গ	২৭	খ	২৮	ঘ	২৯	খ	৩০	ক	৩১	*	৩২	ক	৩৩	ঘ	৩৪	ঘ	৩৫	ক	৩৬	খ	৩৭	ঘ	৩৮	*	৩৯	গ	৪০	ঘ